

# বাংলাবাজার পত্রিকা

কারাবন্দি মাদকসেবীদের মধ্যে এইচআইভি ও  
মাদক ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে চারদিনব্যাপী

## জাতীয় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন

ঢাকা আহছানিয়া মিশন, ইউনাইটেড ন্যাশনস অফিস অন ড্রাগস এন্ড ক্রাইম রিসার্চ (ইউএনওডিসি রিসার্চ) ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সম্মিলিত উদ্যোগে 'কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' বিষয়ে চারদিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী অনুষ্ঠান আজ সোমবার সকাল ৯.৩০ মিনিটে রাজধানীর স্কাটনের বিয়াম ফাউন্ডেশনের মাহবুব কবির অডিটোরিয়ামে অনুষ্ঠিত হবে। এই প্রশিক্ষণ কর্মশালায় পুলিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারাবিদগুর ও মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২২ জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন। ঢাকা আহছানিয়া মিশনের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ আব্দুর রশিদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের পরিচালক (অপারেশন) মোহাম্মদ নূরুল করিম মজুমদার ও ইউএনওডিসি বাংলাদেশের উপদেষ্টা ড. মোজাম্মেল হক। প্রশিক্ষণ কর্মশালাটি আগামী ১৭ জানুয়ারি ২০০৮ শেষ হবে। বিজ্ঞপ্তি।

# দৈনিক দিতকাল

ঢাকা সোমবার ১ মাঘ ১৪১৪ ■ Monday 14 January 2008

## কারাবন্দিদের মধ্যে মাদক ও এইচআইভি বিষয়ে জাতীয় প্রশিক্ষণ কর্মশালা আজ

ঢাকা আহছানিয়া মিশন, ইউনাইটেড ন্যাশনস অফিস অন ড্রাগস এন্ড ক্রাইম রিসার্চ (ইউএনওডিসি রিসার্চ) ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের সম্মিলিত উদ্যোগে 'কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ' বিষয়ে চার দিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধনী আজ সকাল সাড়ে ৯টায় রাজধানীর ইস্কাটনের বিয়াম ফাউন্ডেশনে অনুষ্ঠিত হবে। এ প্রশিক্ষণ কর্মশালায় পুলিশ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, কারাবিদগুর ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের ২২ জন কর্মকর্তা অংশগ্রহণ করবেন। মিশরের প্রেসিডেন্ট কাজী রফিকুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. শেখ আব্দুর রশিদ। বিশেষ অতিথি থাকবেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদফতরের মোহাম্মদ নূরুল করিম মজুমদার ও ইউএনওডিসি বাংলাদেশের উপদেষ্টা ড. মোজাম্মেল হক। বিজ্ঞপ্তি।

# ডেমেটনি

সোমবার, ১৪ জানুয়ারি ২০০৮

ঢাকা আহছানিয়া মিশন : কারাবন্দি মাদক ব্যবহারকারীদের মধ্যে এইচআইভি ও মাদক ঝুঁকি হ্রাসকরণ বিষয়ে চারদিনব্যাপী জাতীয় প্রশিক্ষণ কর্মশালার উদ্বোধন, সকাল সাড়ে ৯টায় বিয়াম মিলনাতয়ন।